যাদুকর ছাড়া কেউ যাদু খণ্ডন করতে পারে না।

হাসান থেকে বর্ণিত, তিনি বলেন, যাদুকর ছাড়া কেউ যাদু খণ্ডন করতে পারে না। [হাসান] [এটি ইবন আবী শাইবাহ বর্ণনা করেছেন। - এটি খাত্তাবী বর্ণনা করেছেন।]

‘নুশরা’ হলো যাদু ভাঙ্গা। হাসান এর কথার বাহ্যিক অর্থ নুশরাহ নিষিদ্ধ প্রমাণ করে। কারণ, যাদুর চিকিৎসা কেবল সে ব্যক্তি করতে পারে যার কাছে যাদু বিদ্যার জ্ঞান রয়েছে। ফলে এটিই যাদুকে সমপর্যায়ের যাদু দ্বারা ভাঙ্গার নামান্তর। আর তা অবশ্যই শয়তানের কর্ম। ইবনুল কাইয়্যেম রহ. বিষয়টি বিশদভাবে আলোচনা করেছেন, যার সারসংক্ষেপ হলো, যাদুর চিকিৎসা কোনো বৈধ ঔষধ ও কুরআনের তিলাওয়াতের দ্বারা করা বৈধ। আর যাদুর চিকিৎসা যাদু দ্বারা করা সম্পূর্ণ নিষিদ্ধ।

http://sunnah.global/hadeeth/bn/show/3408